



WBCLA

News Letter

পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতির ত্রৈমাসিক মুখপত্র

Vol. XXI

January 2012--December 2012

No. 1-4

সম্পাদকীয়

বর্তমান বছরটি পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতির কাছে উল্লেখযোগ্য। কারণ, বিগত ১৯৬২ সালে তৎকালীন গুটি কয়েকজন পরম শ্রদ্ধেয়, উদ্যোগী কলেজ গ্রন্থাগারিকগণ নিরলস প্রচেষ্টায় এই সমিতি গঠন করেন। উদ্দেশ্য মুখ্যতঃ দুটি—প্রথমতঃ গ্রন্থাগারিক বৃত্তিকে সামাজিক স্বীকৃতি তৎসহ উচ্চশিক্ষার সঙ্গে ওতোপ্রোতভাবে যুক্ত থাকা শিক্ষকসমাজ, ছাত্রসমাজ এবং অন্যান্যদের কাছে কলেজ গ্রন্থাগারের গুরুত্ব তুলে ধরা; দ্বিতীয়তঃ শিক্ষক সমতুল বেতনক্রমসহ পেশাগত অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্তির জন্য জনমত তৈরী করার জন্য বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করা। এ-ব্যাপারে যাঁরা একত্রিত হয়েছিলেন তাঁদের অনেকেই আজ আমাদের মধ্যে নেই, কেউ কেউ বার্ধক্যে জর্জরিত, আবার কেউ কেউ ঈশ্বরের কৃপায় সুস্থ্য জীবন-যাপন করছেন। আমাদের সংগৃহীত তথ্য থেকে কয়েকজনের নাম প্রকাশ করে তাঁদের শ্রদ্ধা জানাই। উল্লেখযোগ্য নামগুলি হ'ল— (১) দীনেন্দ্রপ্রসাদ গুপ্ত, এম.এ. (ইংরাজী+ইতিহাস), গ্রন্থাগারিক, ব্রহ্মানন্দ কেশবচন্দ্র কলেজ, কলকাতা; (২) শ্রী সত্যেন্দ্র কৃষ্ণ রায়, এম.এ. (বাংলা), গ্রন্থাগারিক, মহাদেবানন্দ কলেজ, বারাকপুর, উঃ ২৪ পরগণা; (৩) সুবীর ঘোষ, বি.এ., গ্রন্থাগারিক, দমদম মতিঝিল কলেজ, কলকাতা; (৪) অর্ধেন্দু শেখর রায়চৌধুরী, এম.এ. (ইংরাজী), গ্রন্থাগারিক, শ্যামাপ্রসাদ কলেজ, কলকাতা; (৫) প্রদ্যোৎ রায়চৌধুরী, এম.এ. (ইতিহাস), গ্রন্থাগারিক, চারুচন্দ্র কলেজ, কলকাতা; (৬) বাসন্তী চৌধুরী, এম.এ., সরোজিনী নাইডু কলেজ ফর উইমেন, দমদম, কলকাতা; (৭) আরতি নন্দী (রায়), গ্রন্থাগারিক, ভিক্টোরিয়া ইন্সটিটিউসন, কলকাতা; (৮) শ্রীমতী আরতি বিশ্বাস, এম.এ. প্রাক্তন গ্রন্থাগারিক, উইমেন কলেজ, কলকাতা; (৯) শ্রীমতী অনিমা সেনগুপ্ত, এম.এ. এম.লি.ব. এসসি, প্রাক্তন গ্রন্থাগারিক, নেতাজীনগর কলেজ, কলকাতা; (১০) শ্রীতপন কুমার সরকার, এম.কম., প্রাক্তন গ্রন্থাগারিক, দীনবন্ধু ইন্সটিটিউসন (কলেজ), হাওড়া; (১১) শ্রীনন্দদুলাল বেরা, এম.কম. প্রাক্তন গ্রন্থাগারিক, তামলিপ্ত মহাবিদ্যালয়, পূর্ব মেদিনীপুর; (১২) মদনমোহন পাল, এম.কম., প্রাক্তন গ্রন্থাগারিক, বর্ধমান রাজ কলেজ, বর্ধমান; (১৩) শ্রী শিবরাম